দৈনিক সংবাদ

তারিখ 07 SEP 1983
৮ ৩
পৃষ্ঠা ... কলাম ...

151

## গরীবের শিক্ষা কোথায়?

রাজধানী ঢাকার অদূরে কেরানীগঞ্জ উপজেলার কলাতিয়া ইউনিয়নের অন্তর্গত নাজিরপুর একটি বড় গ্রাম। এই গ্রামের অধিকাংশ লোকই গরীব। তারা দিন আনে দিন খায়। এই গ্রামে ১৯৭০ সালে গরীব মানুষের মুষ্টি চালের বিনিময়ে স্থাপিত হয়েছিল একটি স্কুল। এর নাম রাখা হয় 'নাজিরপুর অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়'। ১৯৭৩ সালে একে বাংলাদেশ সরকার সরকারী স্কুল বলে গণ্য করেন এবং তখন হতে এবার খরচ বাংলাদেশ সরকার দিয়ে আসছেন। স্কুলে লেখাপড়ার মান নেমে যাওয়ায় এই গ্রামের কিছু ধনী লোক তার কোন প্রতিকার না করে তাদের ছেলে-মেয়েদের জন্য এই স্কুলেই খুলেছে আদর্শ শিশু নিকেতন। এই আদর্শ শিশু নিকেতনের বেতন অধিক হওয়াতে গরীবের ছেলেমেয়েরা সুশিক্ষা হতে বঞ্চিত। তাই গরীবের মনে প্রশ্ন জেগেছে, গরীবের শিক্ষা কোথায় এবং একটি সরকারী স্কুলে একটি বেসরকারী স্কুল চলে কি করে?

অতএব, সমস্যাটি সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করছি।

মিনা জোবায়েদ, নাজিরপুর, কলাতিয়া, কেরানীগঞ্জ, ঢাকা-৩।